# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 08.07.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের চার বিধানসভা উপনির্বাচনের প্রচার পর্ব আজ শেষ হয়েছে।

২) নিট ইউজি-র প্রশ্ন ফাঁস, গোটা পরীক্ষাকে কতটা প্রভাবিত করেছে, সবকিছু খতিয়ে দেখার পরই নতুন করে পরীক্ষার সিদ্ধান্ত নেওয়া যাবে বলে শীর্ষ আদালত রায় দিয়েছে।

৩) উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্য ও রাজ্যপাল বিরোধের মধ্যেই সুপ্রিম কোর্ট, সার্চ কমিটি গঠনের নির্দেশ দিয়েছে। শিক্ষা মন্ত্রী তাকে স্বাগত জানিয়েছেন।

৪) সন্দেশখালির হিংসা নিয়ে সিবিআই তদন্তের বিরোধিতা করে রাজ্য সরকারের আবেদন, সুপ্রিম কোর্টে খারিজ।

৫) রাজ্য সরকার একটানা প্রবল বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় রেখে কাজ করার নির্দেশ দিয়েছে।

এদিকে, ঘূর্ণাবর্ত ও অক্ষরেখার প্রভাবে প্রবল বৃষ্টিতে উত্তরবঙ্গে স্বাভাবিক জনজীবন ব্যাহত।

---

রাজ্যে চারটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য প্রচার পর্ব আজ শেষ হয়েছে। উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, নদীয়ার রানাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগণার বাগদা এবং

কলকাতার মানিকতলা এই চারটি আসনে ভোটগ্রহণ বুধবার ১০ই জুলাই। ভোটগণনা করা হবে শনিবার ১৩ তারিখ।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন সবরকমের ব্যবস্থা নিয়েছে। মোতায়েন করা হয়েছে মোট ৭০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে সবচেয়ে বেশি ২০ কোম্পানী মোতায়েন থাকছে বাগদায়। এছাড়া রানাঘাট দক্ষিণে ১৯, রায়গঞ্জে ১৬ এবং মানিকতলা কেন্দ্রে ১৫ কোম্পানী বাহিনী অবিলম্বে মোতায়েন করার নির্দেশ দেওয়া হয়েছে। চার কেন্দ্রে এক হাজার ৯৭ টি বুথেই ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা করা হয়েছে।

বুথের সংখ্যা আবার সবচেয়ে বেশি রানাঘাট দক্ষিণ কেন্দ্রে ৩০৭। এছাড়া বাগদায় ৩০১, মানিকতলায় ২৭৭ এবং রায়গঞ্জে থাকছে ২১২ টি বুথ।

রায়গঞ্জে ভোটের তদরাকির জন্য নির্বাচন কমিশনের সাধারণ পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন ভুপেন্দ্র এস চৌধুরী। এছাড়া নদীয়ায় আশিস সিং মার, উত্তর ২৪ পরগণায় সি এন মহেশ্বরন এবং মানিকতলায় যোশী অজিত বালাজী সাধারণ পর্যবেক্ষকের দায়িত্ব পালন করবেন।

অন্যদিকে রায়গঞ্জে পুলিশ পর্যবেক্ষক হচ্ছেন আর আর এস পারিহার, রানাঘাট দক্ষিণে ডক্টর ইনাম উল হক মেঙ্গনু, বাগদায় সুখওয়ান সিং গিল এবং মানিকতলায় মনীশ কুমার ভার্মাকে পুলিশ পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে।

প্রায় ৯ লক্ষ ৯৫ হাজার ভোটদাতা এই চারটি আসনে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন।

-------------------------

কোচবিহারে আরো একটি গ্রাম পঞ্চায়েত বিজেপির হাতছাড়া হয়েছে। হলদিবাড়ি ব্লকের দক্ষিন বড় হলদিবাড়ি গ্রাম পঞ্চায়েতের দখল নিল তৃণমূল কংগ্রেস। এই গ্রাম পঞ্চায়েতের ১২ টি আসনের মধ্যে গত পঞ্চায়েত নির্বাচনে ৬ টি বিজেপি ও ৬ টি তৃণমূল জয়লাভ করে। পরে টসের মাধ্যমে এই গ্রাম পঞ্চায়েত দখল করে বিজেপি। কোচবিহার জেলা তৃণমূল পার্টি অফিসে বিজেপির প্রধান প্রমিলা বর্মন রায় ও আরো এক পঞ্চায়েত সদস্য আজ তৃণমুলে যোগদান করলেন উপস্থিত ছিলেন জেলা তৃণমূল সভাপতি অভিজিৎ দে ভৌমিক ও মেখলিগঞ্জের বিধায়ক পরেশ অধিকারি।

--------------------------

নিট ইউজি-র প্রশ্ন ফাঁস, গোটা পরীক্ষাকে কতটা প্রভাবিত করেছে, যারা এই জালিয়াতির সুবিধা নিয়েছে, তাদের চিহ্নিত করা সম্ভব কিনা, এই সবকিছু খতিয়ে দেখার পরই নতুন করে পরীক্ষার সিদ্ধান্ত নেওয়া যাবে বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে। নিট ইউজি ২০২৪ নতুন করে নেওয়ার একগুচ্ছ আবেদনের শুনানির সময় আজ প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চ বলেন, পুনরায় পরীক্ষা নেওয়ার সময় বিবেচনায় রাখতে হবে, ২৩ লক্ষের বেশি ছাত্রছাত্রীর ভবিষ্যতের প্রশ্ন এর সঙ্গে জড়িয়ে। যারা অসদুপায় অবলম্বন করেছে তাদের চিহ্নিত করা গেলে নতুন করে পরীক্ষা নেওয়ার প্রয়োজন হবে না। বেঞ্চের মতে, এটা পরিস্কার যে, পরীক্ষায় আপোষ করা হয়েছে। তবে তার ব্যাপ্তি কতদূর, তা জানাবেন তদন্তকারীরা। নতুন করে পরীক্ষা নেওয়া যে তাদের কাছে শেষ বিকল্প সেকথাও স্পষ্ট করে দিয়েছেন বেঞ্চ।

ন্যাশানাল টেস্টিং এজেন্সি এনটিএ–কে এসংক্রান্ত সবকিছু জানাতে বলেছে শীর্ষ আদালত। মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে বৃহস্পতিবার ১১ ই জুলাই।

-------------------------

উপাচার্য নিয়োগ নিয়ে পশ্চিমবঙ্গ সরকার ও রাজ্যপাল, আচার্য্য সি ভি আনন্দ বোসের মধ্যে চলতে থাকা বিরোধের প্রেক্ষিতে সুপ্রিম কোর্ট, উপাচার্য নিয়োগে পৃথক অথবা যৌথ সার্চ কমিটি গড়ার নির্দেশ দিয়েছে। দু সপ্তাহের মধ্যে প্রাক্তন প্রধান বিচারপতি ইউ. ইউ. ললিতের নেতৃত্বে এই কমিটি গঠন করতে হবে। প্রত্যেক উপাচার্যের ক্ষেত্রেই বাছাই কমিটির সভাপতিত্ব করবেন প্রাক্তন প্রধান বিচারপতি। পাঁচ জন সদস্যকে নিয়ে সার্চ কমিটি গঠন করতে বলা হয়েছে। তারা প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদের জন্য তিনটি নামের প্যানেল প্রস্তুত করবেন। কমিটির প্রধান অনুমোদন করার পর সেই তালিকা পেশ করতে হবে রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে। মুখ্যমন্ত্রী কোনো ব্যক্তিকে অযোগ্য মনে করলে, তাঁর মতামত এবং সেই মতামতের সমর্থনে নথি দু সপ্তাহের মধ্যে আচার্যের কাছে পেশ করতেও বলা হয়েছে।

রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু সুপ্রিম কোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, শীর্ষ আদালত প্রতিটি বিশ্ববিদ্যালেয়র জন্য তিন জনের নামের তালিকা মুখ্যমন্ত্রীকে পেশ করতে বলেছে। তারপর তিনিই এব্যাপারে মতামত জানাবেন। এটি নিঃসন্দেহে গণতন্ত্রের জয়। সুপ্রিম কোর্ট গণতান্ত্রিকভাবে নির্বাচিত রাজ্যের মুখ্যমন্ত্রীকেই উপাচার্য নিয়োগের ক্ষেত্রে সাংবিধানিক দায়িত্ব ন্যস্ত করেছে, রাজ্যপালকে নয়।

-------------------------

চাকরির দাবিতে ২০২২ এর TET উত্তীর্ণ চাকরি প্রার্থীরা আজ সল্টলেকের

করুণা ময়ীতে বিক্ষোভ দেখায়। চাকরি প্রার্থীরা বিকাশ ভবনে অভিযান শুরু করার আগেই পুলিশ তাদের করুণাময়ী মোড়ে আটকে দেয়। এরপরই শুরু হয়ে যায় পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের ধস্তাধস্তি। পুলিশ জোর করে চাকরিপ্রার্থীদের প্রিজন ভ্যানে তুলে নিয়ে যায়।

চাকরির দাবি নিয়ে তারা বিকাশ ভবনে ডেপুটেশন দিতে এসেছিল , পুলিশ তাদের স্মারকলিপি দিতে দেয়নি বলে আন্দোলনকারীদের অভিযোগ।

--------------------------

আকাশবাণী সংবাদের বিশেষ সাপ্তাহিক অনুষ্ঠান "খবরের আয়নায়" এ সপ্তাহের বিষয় "কেন্দ্রের নতুন সরকারের কাছে জনগণের প্রত্যাশা"।

মতামত দিয়েছেন রাজনীতিক, আইনজ্ঞ, বিজ্ঞানী, শিক্ষক, ক্রীড়াবিদ, চিকিৎসক সকলেই।

অনুষ্ঠানটি শোনা যাবে **আগামীকাল রাত আটটায়** গীতাঞ্জলি প্রচার তরঙ্গে।

--------------------------

সন্দেশখালির হিংসা নিয়ে সিবিআই তদন্তের বিরোধিতা করে রাজ্য সরকারের আবেদন, সুপ্রিম কোর্ট আজ খারিজ করে দিয়েছে। বিচারপতি বি. আর. গাভাই ও বিচারপতি কে. ভি. বিশ্বনাথনের বেঞ্চে আজ এই মামলার শুনানি হয়। বিচারপতি গাভাই প্রশ্ন তোলেন, কিছু ব্যক্তির স্বার্থ রক্ষার জন্য রাজ্য কেন আবেদনকারী হবে। জবাবে পশ্চিমবঙ্গ সরকারের তরফে আইনজীবী জয়দীপ গুপ্ত বলেন, সবরকম ব্যবস্থা নেওয়া সত্ত্বেও রাজ্য সরকারের বিরুদ্ধে বিভিন্ন মন্তব্য করা হয়েছে কলকাতা হাইকোর্টের নির্দেশে। রাজ্যের পক্ষে সওয়ালকারী প্রবীণ আইনজীবী ডক্টর অভিষেক মনু সিংভির

কথায়, হাইকোর্টের নির্দেশে শুধু যৌন নির্যাতন এবং জমি দখল নয়, রেশন কেলেঙ্কারির মত অন্যান্য বিষয়কেও অন্তর্ভুক্ত করা হয়। যেখানে রেশন দুর্নীতির ব্যাপারে ৪৩ টি এফআইআর দায়ের হয়েছে। তবে তাঁদের এই সওয়ালে বেঞ্চ সন্তুষ্ট হননি। সিবিআই তদন্তের বিরোধিতা করে রাজ্যের আবেদন খারিজ করে দেন তাঁরা।

উল্লেখ্য, সন্দেশখালিতে মহিলাদের যৌন হেনস্থা এবং আদিবাসীদের জমি জোর করে কেড়ে নেওয়ার ব্যাপারে সংবাদপত্রে প্রকাশিত খবরের ভিত্তিতে নিজে থেকে মামলাটি গ্রহণ করে কলকাতা হাইকোর্ট।

--------------------------

উত্তর দিনাজপুরের চোপড়ায় সালিশি সভা বসিয়ে যুগলকে মারধরের ভিডিও ভাইরাল হওয়ার ঘটনায় সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম এবং বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্যর বিরুদ্ধে চোপড়া থানায় এফআইআর দায়ের করেছেন নির্যাতিতা। এর ভিত্তিতে তথ্য প্রযুক্তি আইনে এই দুজনের বিরুদ্ধে পুলিশ মামলা রুজু করেছে। পয়লা জুলাই এফআইআর দায়ের হলেও বিষয়টি আজ প্রকাশ্যে আসে।

উল্লেখ্য, মহম্মদ সেলিম প্রথম সোশ্যাল মিডিয়ায় ঐ ভিডিও পোস্ট করেছিলেন।

এদিকে, বিজেপি অভিযোগ করেছে, চোপড়ার নির্যাতিতাকে ভয় দেখিয়ে তাদের দলের বিরুদ্ধে মামলা করানো হচ্ছে। দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ উত্তর দিনাজপুরে জেলা বিজেপি কার্যালয়ে একথা বলেন।

বাইট

--------------------------

ভাঙড় বাজারে চোর সন্দেহে এক ব্যক্তিকে পিটিয়ে মারার অভিযোগে ধৃত সাহারুল মোল্লা ও সৈকত মন্ডলকে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। এদের আজ বারুইপুর আদালতে তোলা হয়। যে দোকানের সামনে খুঁটিতে বেঁধে আসগর মোল্লা নামে পঞ্চাশোর্ধ ওই ব্যক্তিকে মারধর করা হয় বলে অভিযোগ, তার মালিক সাহারুল মোল্লা ও কম্পিউটার ব্যবসায়ী সৈকতকে পুলিশ সিসি ক্যামেরার ফুটোজ দেখে গ্রেপ্তার করে। ফুটেজে দেখা যায়, কয়েকজন মিলে আসগরকে মারধোর করছে। পরিবারের অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে পুলিশ। স্থানীয় সূত্রে জানা গেছে, রাত পাহাড়ার ব্যবস্থা করা হলেও বাজারে কিছুদিন ধরেই  চুরি হচ্ছিল। নজর রেখে গতকাল ভোরে আসগরকে ধরা হয়। খুঁটিতে বেঁধে শুরু হয় মারধোর।  ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর।

--------------------------

উত্তর ২৪ পরগণার বসিরহাটের মোমিনপুরে আজ আবারও ছেলেধরা সন্দেহে এক ব্যক্তিকে গণপ্রহারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। স্থানীয় বাসিন্দারা পুলিশকে জানিয়েছেন, ঐ ব্যক্তি কয়েকদিন ধরেই এলাকায় সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করছিল। আজ দুপুরে সে দুটি ছেলেকে নিয়ে যাচ্ছিল এবং তাদের হাতে খেলনাও ছিল। তাই দেখে সন্দেহ আরও জোরদার হয় এবং তারা লোকটিকে ধরে ফেলে মারধর শুরু করে। পরে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে। ঐ ব্যক্তির পরিচয় জানার চেষ্টা করা হচ্ছে।

--------------------------

রাজ্য সরকার একটানা প্রবল বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় রেখে কাজ করার নির্দেশ দিয়েছে। উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানর্জী আজ নবান্নে সেখানকার ৮ জেলার পুলিশ সুপার, জেলাশাসক এবং কৃষি, সেচ ও বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরের আধিকারিক-সচিবদের নিয়ে

এক বৈঠক করেন। সেখানকার সাধারণ মানুষকে সুরক্ষা দিতে তিনি অক্টোবর মাস পর্যন্ত পরিস্থিতির ওপর সর্বক্ষণ নজর রাখার জন্য রাজ্য ও জেলাস্তরে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম খোলার নির্দেশ দিয়েছেন। এজন্য বিভিন্ন দপ্তরের কর্মীদের ছুটি বাতিল করার কথাও জানান মুখ্যমন্ত্রী।

বাইট

কোচবিহার, জলপাইগুড়ি সহ বন্যা দুর্গত অন্যান্য জেলায় ক্ষতিগ্রস্ত অংশ দ্রুত মেরামতির নির্দেশ দেন তিনি। মালদা এবং উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় গঙ্গার ভাঙন রোধে ফারাক্কা ও বিভিন্ন ডিভিসি জলাধারে নিয়মিত ড্রেজিং করতে হবে, এই চুক্তি হলেও গত ১২ বছরে কেন্দ্র তা মানেনি বলে মুখ্যমন্ত্রীর অভিযোগ। এই ড্রেজিং-এর জন্য কেন্দ্রীয় মন্ত্রকের সঙ্গে কথা বলতে মুখ্যমন্ত্রী, সেচ দপ্তরের সচিবকে নির্দেশ দেন।

গঙ্গার ভাঙ্গন রোধে কেন্দ্র ৭০০ কোটি টাকা দেয়নি এবং রাজ্যকে না জানিয়েই ফারাক্কা চুক্তি হয়েছে বলে তিনি অভিযোগ করেন।

অন্যদিকে, বর্ষার মরশুমে জলাধার থেকে প্রতিদিন কতটা জল ছাড়া হবে, তার আগাম রিপোর্ট রাজ্য সরকারকে জানাতে ডিভিসি-কে বলেছেন তিনি। রেলের অধীন বিভিন্ন এলাকায় নিকাশি ব্যবস্থা ঠিক করতে মুখ্যসচিবকে রেলের আধিকারিকদের সঙ্গে বৈঠক করারও নির্দেশ দিয়েছেন।

--------------------------

রাজস্থানের জয়সালমির থেকে মধ্য বঙ্গোপসাগর পর্যন্ত প্রসারিত অক্ষরেখা এবং পশ্চিম মধ্য ও সংগলগ্ন উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের ওপর ঘূর্ণাবর্তের প্রভাবে উত্তরবঙ্গের

জেলাগুলিতে ভারি বৃষ্টি হচ্ছে। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, বুধবার থেকে বৃষ্টির পরিমাণ আরও বাড়বে।

সিকিম পাহাড় এবং উত্তরবঙ্গের ওপরের পাঁচ জেলায় একটানা ভারী বৃষ্টিতে বিভিন্ন নদীর জল বেড়েছে। তিস্তার জলে প্লাবিত হয়েছে জলপাইগুড়ি জেলার ক্রান্তি ও ময়নাগুড়ি ব্লকের বেশ কিছু এলাকা। জলবন্দী হয়ে পড়েছেন অনেকেই। কালিম্পং-এর তিস্তা বাজার এলাকাতেও রাস্তার ওপর দিয়ে বইছে তিস্তার জল। জলপাইগুড়ি শহরের বিস্তীর্ণ এলাকাও জলমগ্ন। নিকাশি ব্যবস্থা নিয়ে অভিযোগ করছেন জলবন্দী মানুষ জন।

অন্যদিকে দক্ষিণবঙ্গে বর্ষা প্রবেশ করলেও, বৃষ্টি তেমন হচ্ছে না।

------------------------- -------------------------